

10/1/87

তারিখ 10 JAN 1987
পৃষ্ঠা 4 কলাম 4

দৈনিক ইকবিলাব



বগুড়া মেডিক্যাল স্কুলে ভর্তি নিয়ে দুর্নীতি

বগুড়া, ৯ জানুয়ারী (সংবাদদাতা)।—
বগুড়া মেডিক্যাল স্কুলে ভর্তি সংক্রান্ত
ব্যাপারে জনৈক শিক্ষক কর্তৃক ঘুষ নেয়ায়
ছাত্র-ছাত্রীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি
হয়েছে। ছাত্ররা উক্ত শিক্ষকের শাস্তি ও
ইন্টারভিউ বোর্ডের পদত্যাগ দাবী করে
এক বিক্ষোভ মিছিল বের করে।
স্কুলের দেয়ালসমূহে এখন ঘুষ নিয়ে ছাত্র
ভর্তি চলবে না' এরশাদের সোনার দেশে
ঘুষ খাওয়া চলবে না' প্রভৃতি লেখা
শোভা পাচ্ছে।

জানা গেছে, স্বাস্থ্য শিক্ষক মোজাফফর
হোসেন অভিনব কায়দায় ছাত্রদের কাছ
থেকে ভর্তি করিয়ে দেয়ার নাম করে
টাকা আদায় করছে। উক্ত শিক্ষক
দিনাজপুর থেকে আগত জনৈক ছাত্রের
(ক্রমিক নং-৪৯) নিকট থেকে ৬ হাজার
টাকা গ্রহণ করে এবং বলে, সে আরো
ছেলে ভর্তি করতে পারবে এবং এ জন্য
সে প্রত্যেকের নিকট থেকে ৮ হাজার
করে টাকা দাবী করে।
পড়ে এ ঘটনা প্রকাশ হয়ে পড়লে ছাত্ররা
বিক্ষোভ করে এবং উক্ত শিক্ষকের বিচার
দাবী করে। সে ইন্টারভিউ বোর্ডের নিকট
তার দোষ স্বীকার করেছে। ইন্টারভিউ
বোর্ড অনির্দিষ্ট কালের জন্য ভর্তি পরীক্ষা
স্থগিত ঘোষণা করেছে।
এ নিকে মাত্র ৩২টি আসনের জন্য
দরখাস্তকারীর সংখ্যা ৮শ বলে জানা
গেছে।